

# Official Spokesperson's response to media queries regarding listing of Lashkar-e-Tayyiba terrorist Abdul Rehman Makki by UNSC's ISIL and Al-Qaida Sanctions Committee

January 17, 2023

লস্কর-ই-তৈবা সন্ত্রাসবাদী আব্দুল রেহমান মাক্কিকে ইউএনএসসিৰ আইএসআইএল এবং আল-কায়দা নিষেধাজ্ঞা কমিটি দ্বাৰা তালিকাভুক্ত করার বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

জানুয়ারি 17, 2023

লস্কর-ই-তৈবা সন্ত্রাসবাদী আব্দুল রেহমান মাক্কিকে ইউএনএসসিৰ আইএসআইএল এবং আল-কায়দা নিষেধাজ্ঞা কমিটি দ্বাৰা তালিকাভুক্ত করার বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি বলেছেন:

“ লস্কর-ই-তৈবা (এলইটি) সন্ত্রাসবাদী আব্দুল রেহমান মাক্কিকে রাষ্ট্রস্বৈর নিরাপত্তা পরিষদের আইএসআইএল এবং আল-কায়দা নিষেধাজ্ঞা কমিটি দ্বাৰা তালিকাভুক্ত করার সিদ্ধান্তকে আমরা স্বাগত জানাই। মাক্কি এলইটি নেতা হাফিজ সগ্গদের শ্যালকও বটে। মাক্কি সংগঠনের জন্য তহবিল সংগ্রহ করা সহ এলইটিতে বিভিন্ন নেতৃত্বের ভূমিকা পালন করেছেন।

এই অঞ্চলে সন্ত্রাসবাদী সংগঠনগুলির হুমকি অধিক মাত্রায় রয়েছে এবং ইউএনএসসি দ্বাৰা সেগুলিকে তালিকাভুক্ত করা ও নিষেধাজ্ঞা জারি করা এই ধরনের হুমকি গুলিকে দমন করার এবং এই অঞ্চলে সন্ত্রাসী পরিকাঠামোকে ধ্বংস করার একটি কার্যকর হাতিয়ার।

ভারত সন্ত্রাসবাদের বিরুদ্ধে শূন্য সহনশীলতার দৃষ্টিভঙ্গি পালন করতে অঙ্গিকারবদ্ধ এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিশ্বাসযোগ্য, পরীক্ষিত এবং অপরিবর্তনীয় পদক্ষেপ নিতে আন্তর্জাতিক গোষ্ঠীগুলিকে সমানে চাপ দিয়ে যাবে।“

নিউ দিল্লি

জানুয়ারি 17, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.